Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media



প্রতি মুহূর্তের খবর
risingbd.com

## সাম্যর মৃত্যুতে 'মর্মাহত' ঢাবি প্রশাসন

ঢাবি সংবাদদাতা || রাইজিংবিডি.কম

প্রকাশিত: ০৮:২৭, ১৪ মে ২০২৫ আপডেট: ০৯:৩৫, ১৪ মে ২০২৫



শাহরিয়ার আলম সাম্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছাত্রদল নেতা শাহরিয়ার আলম সাম্য হত্যার ঘটনায় 'মর্মাহত' বিশ্ববিদ্যালয় প্রশাসন। ঢাবি প্রশাসন থেকে জানানো হয়েছে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতের আহ্বান।

বুধবার (১৪ মে) ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক জরুরি বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গতকাল মঙ্গলবার ১৩ মে রাতে বাংলা একাডেমির বিপরীতে সোহরাওয়ার্দী উদ্যান এলাকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষার্থী শাহরিয়ার আলম সাম্য দুর্বৃত্তের ছুরিকাঘাতে আহত হন। পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। এই ঘটনায় বিশ্ববিদ্যালয় পরিবার গভীরভাবে মর্মাহত।

বিজ্ঞপ্তির বর্ণনায় বলা হয়, ঘটনার পরপরই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান ও প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে যান। সেখানে তারা শোকসন্তপ্ত পরিবারের সঙ্গে কথা বলেন এবং বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে নিহতের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। একই সঙ্গে তারা তাৎক্ষণিকভাবে পুলিশের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেন এবং দ্রুত অপরাধীদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জন্য জোর তাগিদ দেন। ঘটনার চার ঘণ্টার মধ্যেই তিন জনকে আটক করা হয়েছে এবং বাকিদের আটক করতে অভিযান চলছে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন এই ঘটনার সুষ্ঠু বিচার নিশ্চিত করার জন্য কাজ করছে উল্লেখ করে বলা হয়, শাহবাগ থানায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের পক্ষ থেকে একটি মামলা দায়েরের প্রক্রিয়া চলছে। আইনি ও অপরাপর প্রক্রিয়ায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে নিহত শিক্ষার্থীর পরিবারকে পূর্ণ সহযোগিতা দেওয়া হবে।

ঢাবির শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ২০১৮-২০১৯ সেশনের শিক্ষার্থী এবং ছাত্রদলের স্যার এ এফ রহমান হল শাখার সাহিত্য ও প্রকাশনা সম্পাদক সাম্য। তিনি এফ রহমান হলের ২২২ নম্বর কক্ষে থাকতেন। তার বাড়ি সিরাজগঞ্জের উল্লাপাড়া উপজেলায়।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন থেকে সরকার পতনের এক দফা আন্দোলনে সক্রিয় ভূমিকায় দেখা যায় সাম্যকে

মঙ্গলবার (১৩ মে) রাত ১২টার দিকে রক্তাক্ত অবস্থায় সাম্যকে তার সহপাঠীরা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। সাম্যের সহপাঠী, সিনিয়র, জুনিয়র, শিক্ষকসহ ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা ছুটে আসেন মেডিকেল প্রাঙ্গণে।

সাম্যর মৃত্যুর খবরে ফুঁসে ওঠে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাতের ক্যাম্পাস। তারা রাস্তায় নেমে এসে বিক্ষোভ শুরু করেন।

সাম্যর ওপর হামলার সময় সঙ্গে ছিলেন তার সহপাঠী বায়েজিদ। তার কাছে হামলার মুহূর্তের বর্ণনা পাওয়া গেছে।

ঢাকা মেডিকেলে কথা হলে রাইজিংবিডি ডটকমকে বায়েজিদ বলেন, "রাত ১২টার দিকে আমরা তিন বন্ধু মিলে সোহরাওয়ার্দী উদ্যানের কালী মন্দির-সংলগ্ন গেটের পাশে ক্যান্টিনে আড্ডা শেষে বের হয়ে আসছিলাম। এ সময় ৮-১০ জনের একটি দল আমাদের ওপর হামলা করে।"

"তাদের ছুরির আঘাতে সাম্যর প্রচুর রক্তক্ষরণ হয়। মেডিকেলে আনা হলে সে মারা যায়।"

## আজকালের খবর



### 'নুরুল ইসলাম স্মারক ট্রাস্ট ফান্ড বৃত্তি' ঢাবির ১০ শিক্ষার্থী

সদাচরণ, ক্লাসে নিয়মিত উপস্থিতি ও পরীক্ষায় ভালো ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে অধ্যয়নরত ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১০ জন শিক্ষার্থীকে 'মো. নুরুল ইসলাম স্মারক ট্রাস্ট ফান্ড বৃত্তি' প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত সোমবার সন্ধ্যায় চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়ন কার্যালয়ে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়ন এই বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করে। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী'র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ৪র্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের সভাপতি মো. শাহজাহান স্বাগত বক্তব্য দেন। সাধারণ সম্পাদক মো. সেলিম মিয়া অনুষ্ঠান সঞ্চালন করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, প্রয়াত মো. নুরুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছিলেন। তিনি বিশ্ববিদ্যালয়ের কর্মচারী ছিলেন না, তবে সাংগঠনিকভাবে কর্মচারীদের নেতৃত্ব দিয়েছিলেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে সুসম্পর্ক গড়ে তোলার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, রাজনীতি করার কারণে আমাদের মধ্যে অনেক বিভাজনের সৃষ্টি হয়েছে। এই বিভাজন দূর করে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে পারস্পরিক সুসম্পর্ক গড়ে তুলতে হবে। লক্ষ্য অর্জনে আমাদের পারিবারিক বন্ধন মজবুত করা জরুরি। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- মো. মেহেদী হাসান (বাংলা), আরিফুল ইসলাম রিমন (ইংরেজি), মো. উদয় ভূইয়া (ম্যানেজমেন্ট), মো. সিয়াম আফ্রিদি (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস), মো. কলিম উল্লাহ (ফিন্যান্স), সুমাইয়া রহমান (অর্গানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ), রুমানা আলম নিশি (অর্থনীতি), ইফফাত জেরিন পারিসা (আন্তর্জাতিক সম্পর্ক), আফরিন জাহান পায়েল (লোক প্রশাসন) এবং আফসানা মীম (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন প্রয়াত মো. নুরুল ইসলাম। বিজ্ঞপ্তি

## দৈনিক বর্তমান

### ঢাবি'র ১০ শিক্ষার্থী পেলেন 'নুরুল ইসলাম স্মারক ট্রাস্ট ফান্ড বৃত্তি'



**ঢাবি প্রতিনিধি**

সদাচরণ, ক্লাসে নিয়মিত উপস্থিতি ও পরীক্ষায় ভালো ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে অধ্যয়নরত ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১০ জন শিক্ষার্থীকে 'মো. নুরুল ইসলাম স্মারক ট্রাস্ট ফান্ড বৃত্তি' প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল ১২ মে ২০২৫ সোমবার সন্ধ্যায় চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়ন কার্যালয়ে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়ন এই বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করে। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী'র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ৪র্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের সভাপতি মো. শাহজাহান স্বাগত বক্তব্য দেন। সাধারণ সম্পাদক মো. সেলিম মিয়া অনুষ্ঠান সঞ্চালন করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, প্রয়াত মো. নুরুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছিলেন। তিনি বিশ্ববিদ্যালয়ের কর্মচারী ছিলেন না, তবে সাংগঠনিকভাবে কর্মচারীদের নেতৃত্ব দিয়েছিলেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে সুসম্পর্ক গড়ে তোলার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, রাজনীতি করার কারণে আমাদের মধ্যে অনেক বিভাজনের সৃষ্টি হয়েছে। এই বিভাজন দূর করে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে পারস্পরিক সুসম্পর্ক গড়ে তুলতে হবে। লক্ষ্য অর্জনে আমাদের পারিবারিক বন্ধন মজবুত করা জরুরি।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- মো. মেহেদী হাসান (বাংলা), আরিফুল ইসলাম রিমন (ইংরেজি), মো. উদয় ভূইয়া (ম্যানেজমেন্ট), মো. সিয়াম আফ্রিদি (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস), মো. কলিম উল্লাহ (ফিন্যান্স), সুমাইয়া রহমান (অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ), রুমানা আলম নিশি (অর্থনীতি), ইফফাত জেরিন পারিসা (আন্তর্জাতিক সম্পর্ক), আফরিন জাহান পায়েল (লোক প্রশাসন) এবং আফসানা মীম (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)। উল্লেখ্য, প্রয়াত মো. নুরুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন।

dailyobserver

# DU eases admission process for first-year students

Published : Tuesday, 13 May, 2025 at 5:06 PM Count : 235
*DU Correspondent*




Dhaka University (DU) launched initiative to simplify undergraduate admissions, eliminating queues and streamlining fee payments from 2024-2025 academic year.

Md. Rafiqul Islam, Acting Director of Public Relations Office at University of Dhaka, confirmed these developments in official notice released on Tuesday.

Latest news of The Daily Observer now in Google News

Students entering first-year undergraduate programmes will now pay departmental, institute and hall security deposits online or directly at respective offices, following a decision made during February 25 meeting chaired by Pro-Vice Chancellor (Administration) Professor Dr Sayema Haque Bidisha.

This unprecedented move aims to reduce significant inconvenience previously experienced by students who had to queue at banks to make payments. Complete fee information will be accessible via university's online admission portal.

University authorities have already instructed all departments, institutes and halls to implement necessary measures through internal communications.

# ভর্তি বিড়ম্বনা এড়াতে বিশেষ উদ্যোগ ঢাবির

ঢাবি প্রতিনিধি

**প্রকাশ:** মঙ্গলবার, ১৩ মে, ২০২৫, ১২:৫১ পিএম




ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় ভোগান্তি নিরসনে বিশেষ উদ্যোগ নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। আজ মঙ্গলবার (১৩ মে) বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এমন তথ্য জানানো হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির সময় শিক্ষার্থীদের বিভাগ/ইনস্টিটিউট ও হলের জামানতসহ বিভিন্ন ফি প্রদানের ক্ষেত্রে বিড়ম্বনা ও ভোগান্তি নিরসনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। এ অনুযায়ী, চলতি ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকেই শিক্ষার্থীরা অনলাইনে অথবা নিজ নিজ বিভাগ/ইনস্টিটিউট/হল অফিসে এসব জামানত ও ফি-এর টাকা জমা দিতে পারবেন।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, গত ২৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা'র সভাপতিত্বে অনুষ্ঠিত অনলাইনে ভর্তি ফি প্রদান সংক্রান্ত এক সভার সুপারিশের আলোকে সম্প্রতি এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। শিক্ষার্থীদের ভোগান্তি লাঘবে প্রথমবারের মতো এই উদ্যোগ গ্রহণ করা হলো। এই উদ্যোগের ফলে শিক্ষার্থীদের পূর্বের মতো লম্বা লাইনে দাঁড়িয়ে ব্যাংকে ফি জমা দেওয়ার ভোগান্তি পোহাতে হবে না। শিক্ষার্থীরা ভর্তি ও অন্যান্য ফি সংক্রান্ত যাবতীয় তথ্য অনলাইনে ভর্তির ওয়েবসাইট থেকে জানতে পারবেন।

অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি ও ই-মেইলের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ, ইনস্টিটিউট ও হলকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইতোমধ্যেই নির্দেশনা প্রদান করা হয়েছে।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

৩১ বৈশাখ ১৪৩২

DU in Media

14 May 2025

# The Daily Campus

## ঢাবি থেকে ১৮ গবেষকের পিএইচডি ও ১৪ জনের এমফিল ডিগ্রি অর্জন

ঢাবি প্রতিনিধি (https://thedailycampus.com/find?q=ঢাবি প্রতিনিধি)



ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) © ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) থেকে সম্প্রতি ১৮ জন গবেষক পিএইচডি ও ১৪ জন এমফিল এবং ৩জন ডিবিএ ডিগ্রি অর্জন ... এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় তাদের এসব ডিগ্রি প্রদান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ... আহমদ খান সভায় সভাপতিত্ব করেন।

পিএইচডিডিগ্রি প্রাপ্তরা হলেন: ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে তারেক বিন আতিক, ফিন্যান্স বিভাগের অধীনে ফারহানা ... সংগীত বিভাগের অধীনে ছন্দা চক্রবর্তী, রসায়ন বিভাগের অধীনে এবিএম ফয়সল, মৎস্যবিজ্ঞান বিভাগের অধীনে শেখ ... মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের অধীনে বাঁধন সাহা, শিল্পকলার ইতিহাস বিভাগের অধীনে মোহাম্মদ ... খান ... বিভাগের অধীনে আইরিন সুলতানা, বাংলা বিভাগের অধীনে রাখী রানী, জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগের অধীনে ... আইন বিভাগের অধীনে মো. রিয়াদুজ্জামান, দর্শন বিভাগের অধীনে আহমদ উল্লাহ, পপুলেশন সায়েন্সেস বিভাগের অধীনে ... মোহাম্মদ ইসমাইল ভূঞা, মনোবিজ্ঞান বিভাগের অধীনে ইফরাত জাহান, নৃবিজ্ঞান বিভাগের অধীনে অতনু দাস, প্রাণিবিদ্যা ... বশির আহমেদ এবং সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের অধীনে কারিশমা আমজাদ।

**আরও পড়ুন: ডাকসু ইস্যুতে ছাত্রসংগঠনগুলোর পক্ষ থেকে যেসব প্রস্তাবনা উঠলো (https://thedailycampus.com/...politics/200520)**

এমফিল ডিগ্রি প্রাপ্তরা হলেন: ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে মো. আবুল হাসানাত, বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের অধীনে ... ও নিলয় রায়, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধীনে শেখ মুহাম্মদ আনোয়ার হোসাইন ও মৌমিতা সেন, অর্থ... বিভাগের অধীনে ... ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অধীনে সাজ্জাদুর রহমান খান, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের অধীনে ... বাংলা বিভাগের অধীনে শাপলা বণিক ও সোলায়মান আলম, কমিউনিকেশন ডিজঅর্ডারস বিভাগের অধীনে ... প্রশাসন বিভাগের অধীনে রুমানা রশীদ রুমী এবং ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের অধীনে মোসা. ... মুহসীনা।

ডিবিএ ডিগ্রি প্রাপ্তরা হলেন: ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের অধীনে মো. ইকবাল হোসেন, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগের অধীনে মোহাম্মদ হেলাল হোসেন এবং অর্গানাইজেশন স্ট্র্যাটেজি অ্যান্ড লিডারশিপ বিভাগের অধীনে ...।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## স্বদেশ প্রতিদিন




# ডাকসু ইস্যুতে ছাত্রসংগঠনগুলোর পক্ষ থেকে যেসব প্রস্তাবনা উঠলো

● **ক্যাম্পাস ডেস্ক**

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) গঠনতন্ত্র সংস্কার ও নির্বাচন ইস্যুতে বিভিন্ন রাজনৈতিক ছাত্রসংগঠনের সঙ্গে মতবিনিময় সভা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল মঙ্গলবার বেলা ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের উপাচার্য লাউঞ্জে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এ সভায় ছাত্র সংগঠনগুলোর পক্ষ থেকে পদাধিকার বলে উপাচার্যের সভাপতি হওয়া না হওয়া, কিছু সম্পাদকীয় পদের নিয়মে পরিবর্তন, ভোটের আয়োজন আবাসিক হলে না করে একাডেমিক ভবনে করা, ৩০ বছরের পরেও প্রার্থিতার সুযোগ দেওয়া, ২০১৮-১৯ সেশনের শিক্ষার্থীদের প্রার্থী হওয়া ও ভোটের বিষয়ে বিশেষ বিবেচনা, ছাত্রলীগের সাথে সম্পৃক্তদের প্রার্থীতা বা ভোট দেওয়া নিয়ে স্পষ্ট বিধান প্রণয়নসহ নানা বিষয়ে প্রস্তাবনা উঠে এসেছে।

জানা গেছে, সভায় বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, বাংলাদেশ ছাত্র ফেডারেশন, গণতান্ত্রিক ছাত্র কাউন্সিল, স্বাধীন বাংলাদেশ ছাত্রসংসদ, ইনক্বিলাব মঞ্চ, বাংলাদেশ ইসলামী ছাত্র আন্দোলন, পাহাড়ি ছাত্র সংসদসহ মোট ১১টি সংগঠন অংশ নেয়। এছাড়াও আজ বুধবার বাকি ছাত্র সংগঠনগুলো নিয়ে আলোচনায় বসবে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এ প্রসঙ্গে বাংলাদেশ ছাত্র ফেডারেশনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক আরমানুল হক বলেন, ভোটকেন্দ্র একাডেমিক ভবনে নিয়ে আসা দাবি জানানো হয়েছে। পদাধিকার বলে উপাচার্য সভাপতি হওয়ার বিষয়ে আমরা সবাই মিলে দ্বিমত পোষণ করেছি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বলছে, ডাকসু ক্যান্ডিডেট হতে হলে নিয়মিত শিক্ষার্থী হতে হবে এবং ৩০ বছরের কম বয়স হতে হবে। কিন্তু আমাদের অনেকের দাবি ছিল, যদি কারো ৩০ বছরেরও বেশি বয়স থাকে এবং সে যদি এমফিল বা পিএইচডির শিক্ষার্থী হয় তাহলে সে ক্যান্ডিডেট হতে পারবে এমন নিয়ম হোক। কোষাধ্যক্ষসহ আরো কিছু পদের ক্ষেত্রে সংস্কারের দাবি জানানো হয়েছে। গঠনতন্ত্র সংস্কারে আমাদের প্রস্তাবগুলো যেন বিবেচনা করা হয়, সেই দাবি আমরা জানিয়েছি।

স্বাধীন বাংলাদেশ ছাত্রসংসদের আহ্বায়ক জামালুদ্দীন মুহাম্মাদ খালিদ বলেন, ডাকসু নিয়ে গঠন করা বিশ্ববিদ্যালয়ের তিন কমিটির কার্যক্রমের অগ্রগতি ও আমাদের পর্যবেক্ষণ বা অভিমতের বিষয়কে কেন্দ্র করে মূলত এ সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন সংগঠন বিভিন্ন প্রস্তাবনাই রেখেছে। সেই ধারাবাহিকতায় আমরাও কিছু প্রস্তাব রেখেছি। সেগুলোর মধ্যে ২০১৮-১৯ সেশনের শিক্ষার্থীদের ভোটাধিকার ও প্রার্থিতার ব্যাপারে বিশেষ ব্যবস্থা নেওয়া, ভোটকেন্দ্র হল থেকে বের করে একাডেমিক ভবন বা অন্যত্র সরিয়ে আনা, পোস্টেড ও চিহ্নিত ছাত্রলীগ নেতা-কর্মীদের ভোটাধিকার ও প্রার্থীতা বাতিলের বিষয়টি স্পষ্ট করা এবং প্রতিশ্রুত সময়ের মধ্যে ডাকসু নির্বাচন যেন হয়, এ ব্যাপারে আর সময়ক্ষেপণ না করা অন্যতম।

সভার সার্বিক আলোচ্যসূচি সম্পর্কে জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ বলেন, আজকের সভায় মোট ১১টি ছাত্র সংগঠন অংশগ্রহণ করেছে। যাদেরকে আমরা ডেকেছি তারা সকলেই এসেছে। আগামীকাল আবার বাকিদেরকে ডাকা হয়েছে। ডাকসু গঠনতন্ত্রের যে সংস্কার আমরা করেছি সেই সংস্কারের বিষয়ে তাদের অভিমত আমরা শুনেছি। এক্ষেত্রে তাদের বেশ কিছু প্রস্তাব আমরা পেয়েছি। যেমন: পদাধিকার বলে উপাচার্যের সভাপতি হওয়া না হওয়া, কিছু সম্পাদকীয় পদের নিয়মে পরিবর্তন, ভোটের আয়োজন হলে না করে একাডেমিক ভবনে করা ইত্যাদি। ছাত্র সংগঠনগুলোর এ সকল প্রস্তাব আমরা বিবেচনায় নিয়েছি।

তিনি বলেন, পরবর্তীতে আমরা আলাপ-আলোচনা করে এবং বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান অনুসরণ করে যতোটুকু পরিবর্তন সম্ভব ততটুকু আমরা কাজ করব, আশ্বাস আমরা তাদেরকে দিয়েছি। তবে এক্ষেত্রে বলে রাখা প্রয়োজন যে, কিছু কিছু বিষয় আছে যেগুলো নিয়ে কাজ করতে হলে আমাদের মূল আইন বা অধ্যাদেশ পরিবর্তন করতে হয়, সেটা অনেক প্রক্রিয়া ও সময় সাপেক্ষ ব্যাপার। যার কারণে নির্দিষ্ট কিছু বিষয়ে সাময়িকভাবে প্রতিবন্ধকতা তৈরি হতে পারে। কিন্তু আমরা শিক্ষার্থী ও সামগ্রিক কল্যাণ বিবেচনায় আমরা অবশ্যই সর্বোচ্চ প্রচেষ্টার মাধ্যমে কাজ করে যাব।

## দেশ রুপান্তর



ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য গতকাল থেকে চালু হয়েছে শাটল বাসসেবা — দেশ রূপান্তর

## The Daily Observer



Students take a ride on an electric shuttle transportation service as it was launched on Tuesday supported by Green Future Foundation. The photo was taken on Dhaka University campus. PHOTO: OBSERVER